

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৭৫

১০. স্বপ্ন অধ্যায় (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ ১. আল্লাহ তা'আলার বাণী: "তাদের জন্য দুনিয়ার জীবনে রয়েছে সুসংবাদ।" (ইউনৃস: ৬৪)

بَابِ فِي قَوْلِهِ تَعَالَى لَهُمْ الْبُشْرَى فِي الْحَيَاةِ الدُّنْيَا

## আরবী

أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا أَبَانُ حَدَّثَنَا يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ قُلْتُ يَا نَبِيَّ اللَّهِ قَوْلُ اللَّهِ لَهُمْ الْبُشْرَى فِي الْحَيَاةِ الدُّنْيَا فَقَالَ سَأَلْتَنِي عَنْ شَيْءٍ مَا سَأَلَنِي عَنْهُ أَحَدٌ قَبْلَكَ أَقْ أَحَدٌ مِنْ أُمَّتِي قَالَ هِيَ الرُّوْيَا الصَّالِحَةُ يَرَاهَا الْمُسْلِمُ أَقْ تُرَى لَهُ

## বাংলা

২১৭৫. উবাদাহ ইবনু ছামিত রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া নবীয়াল্লাহ! আল্লাহ তা'আলার বাণীর (অর্থ কি?): "তাদের জন্য দুনিয়ার জীবনে রয়েছে সুসংবাদ।" (ইউনূস: ৬৪) তিনি বললেন, "তুমি আমাকে এমন একটি বিষয়ে জিজ্ঞেস করলে, যা তোমার পূর্বে কেউ কিংবা আমার উম্মাতের কেউ আমাকে জিজ্ঞেস করেনি।" তিনি বলেন, "এটি হলো সুস্বপ্ন যা কোনো মুসলিম দেখে থাকে, কিংবা তার সম্পর্কে (অন্যকে) দেখানো হয়।"[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ, যদি আবী সালামাহ উবাদাহ হতে শ্রবণ করেন। ইবনু খিরাশ বলেন, আবী সালামাহ উবাদাহ ইবনু ছামিত হতে কিছু শোনেননি। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: তাবারী, তাফসীর ১১/ ১৩৩, ১৩৪,১৩৫, ১৩৬; আহমাদ ৫/৩১৫; ইবনু মাজাহ, তা'বীরুর রু'ইয়া ৩৮৯৮; তিরমিযী, রু'ইয়া ২২৭৬; হাকিম ৪/৩৯১ মুনকাতি বা বিচ্ছন্ন সনদে।

এর শাহিদ রয়েছে ইবনু আব্বাসের হাদীস সহীহ মুসলিম, সালাত ৪৭৯ তে।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪১৭, ২৩৮৭ ও সহীহ ইবনু হিব্বান নং ১৮৯৬ ও মুসনাদুল হুমাইদী নং ৪৯৫। তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন